

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪
Cumilla Palli Bidyut Samity-4
লাকসাম, কুমিল্লা।



web: <https://pbs4.comilla.gov.bd>. e-mail: comillapbs4@gmail.com

স্মারক নং- ২৭.১২.১৯৭২.৫৭৬.০১.০৪৭.২৪. ২০২১

তারিখঃ ২১ এপ্রিল, ২০২৪ খ্রিষ্টাব্দ
০৮ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ

“জমি ক্রয়ের বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ কর্তৃক নিজস্ব অর্থায়নে ০২(দুই) টি বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণের জন্য নিম্নের বর্ণনা অনুযায়ী স্থানসমূহে জমি ক্রয় করা হবে। বর্ণিত স্থানসমূহের সংলগ্ন জমি বিক্রয়ের আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে আবেদন আহ্বান করা যাচ্ছে।


ক্রঃ নং	বৈদ্যুতিক উপকেন্দ্রের নাম	উপজেলা	জমির অবস্থান ও বিবরণ	জমির পরিমাণ (কম/বেশী হতে পারে)
০১	নাঙ্গালকোট-৪ ৩৩/১১ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র, ক্যাপাসিটি ১০ এমভিএ	নাঙ্গালকোট	শ্রীহাস্য মৌজায় ভারী যানবাহন চলাচলযোগ্য ১২ থেকে ১৬ ফিট পাকা রাস্তা সংলগ্ন	৪৫ শতাংশ
০২	মনোহরগঞ্জ-৩ ৩৩/১১ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র, ক্যাপাসিটি ২০ এমভিএ	মনোহরগঞ্জ	দিশাবন্দ মৌজায় ভারী যানবাহন চলাচলযোগ্য ১২ থেকে ১৬ ফিট পাকা রাস্তা সংলগ্ন	৬০ শতাংশ

শর্তাবলীঃ

- ০১। প্রতিটি বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণের জন্য জমি উল্লিখিত স্থান সমূহের মহাসড়ক/পাকা সড়ক সংলগ্ন স্থানে এবং বৈদ্যুতিক লোড পয়েন্টের কেন্দ্রে হতে হবে;
- ০২। একটি দাগে বর্ণিত সাইজ/পরিমাণের জমির সংস্থান না হলে পার্শ্ববর্তী সংলগ্ন একাধিক দাগে অথবা কয়েকটি দাগের মালিকগণ একত্রে দরপত্র/আবেদন দাখিল করতে পারবেন;
- ০৩। জমি নিষ্কণ্টক হতে হবে। আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে।
 - (ক) স্থানীয় আমিন দ্বারা প্রস্তুতকৃত জমির দৈর্ঘ্য ও প্রস্থ এর লে-আউট।
 - (খ) জমির দলিল ও বায়া দলিলের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
 - (গ) মালিকানার স্বপক্ষে সি, এস/এস, এ এবং আর, এস খতিয়ান ও পর্চার ফটোকপি।
 - (ঘ) জমির নামজারির ফটোকপি, সর্বশেষ খাজনা/ভূমি কর পরিশোধের ফটোকপি।
 - (ঙ) দৈর্ঘ্য X প্রস্থ উল্লেখ করে জমির নকশা (প্লট আকারে)।
 - (ঢ) প্রতি শতাংশ জমির একক মূল্য ও মোট মূল্য (টাকায়) উল্লেখসহ দর দাখিল করতে হবে।
- ০৪। জমি ক্রয়ের নির্ধারিত কমিটি কর্তৃক নেগোসিয়েশনের মাধ্যমে জমির মালিক/মালিকগণের সাথে বিক্রিত দর নির্ধারণ করা হবে।
- ০৫। জমি ক্রয়ের নির্ধারিত মালিক/মালিকগণের নামে ‘একাউন্টপেয়ী চেক’ এর মাধ্যমে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ কর্তৃক পরিশোধ করা হবে এবং জমি রেজিস্ট্রেশনের সময় যাবতীয় ব্যয় সরকারি নিয়মানুযায়ী ক্রেতা ও বিক্রেতা কর্তৃক বিধি মোতাবেক বহন করা হবে।


এমতাবস্থায়, বর্ণিত এলাকাসমূহে উল্লিখিত পরিমাণ জমি বিক্রয়ের জন্য আগ্রহী একক/একাধিক জমির মালিক/মালিকগণকে আগামী ০৫/০৫/২০২৪ খ্রিঃ তারিখ রোজ রবিবার এর মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ 'সিনিয়র জেনারেল ম্যানেজার, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪, বাইপাস, লাকসাম, কুমিল্লা' বরাবর আবেদনপত্র জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, বিস্তারিত তথ্যের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার এর কার্যালয়, "কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪, বাইপাস, লাকসাম, কুমিল্লা" এই ঠিকানায় যোগাযোগ করা যাবে।


(মোঃ জাবির হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ এবং জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল)/আর্থিক মনিটরিং (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৩। জেলা প্রশাসক/ পুলিশ সুপার, কুমিল্লা।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার, কুমিল্লা পবিস-৪।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ, কুমিল্লা।
- ০৭। নির্বাহী প্রকৌশলী (এসওডি), কুমিল্লা(দক্ষিণ), বাপবিবো, কুমিল্লা।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম/নাঙ্গলকোট/মনোহরগঞ্জ উপজেলা, কুমিল্লা
- ০৯। অফিসার ইনচার্জ, লাকসাম/নাঙ্গলকোট/মনোহরগঞ্জ, কুমিল্লা
- ১০। ডিজিএম, মনোহরগঞ্জ/নাঙ্গলকোট জোনাল অফিস, কুমিল্লা পবিস-৪।
- ১১। ডিজিএম (সদর দপ্তর-কারিগরি), কুমিল্লা পবিস-৪।
- ১২। এজিএম (ওএন্ডএম), জোডা/নাথেরপেটুয়া সাবজোনাল অফিস, কুমিল্লা পবিস-৪।
- ১৩। সাব-রেজিষ্টার, সাব রেজিষ্টারের কার্যালয়, নাঙ্গলকোট/মনোহরগঞ্জ, কুমিল্লা।
- ১৪। এজিএম(প্রশাসন/অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি/এইচআর/আইটি/সদস্য সেবা), কুমিল্লা পবিস-৪।
- ১৫। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, কুমিল্লা পবিস-৪ (এজিএম (আইটি) সমিতির ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রদানের ব্যবস্থা নিনেন)।
- ১৬। অফিস/মাস্টার নথি।


(মোঃ জাবির হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার